*Total number of pages – 8*

**29T ADBE**

# 2019

## ADVANCE BENGALI

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

***All*** *questions are* ***compulsory***

| | |
|---|---|
| *Q. No.* ***1*** *(Ka to Tha) carries* ***1*** *mark each* | 1×12=12 |
| *Q. No.* ***2*** *(Ka to Tha) carries* ***2*** *marks each* | 2×12=24 |
| *Q. No.* ***3*** *(Ka to Nya) carries* ***4*** *marks each* | 4×10=40 |
| *Q. No.* ***4*** *carries* ***6*** *marks each* *(Ka-12)* *(Kha-12)* | 6×4=24 |
| | Total = 100 |

*Contd.*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১২=১২

(ক) ‘হাসিয়া ক্ষত্রিয় যত করে উপহাস।
অসম্ভব কার্যে দেখি দ্বিজের প্রয়াস।।’
— এখানে ‘দ্বিজ’ শব্দে কাকে নির্দেশ করা হয়েছে?

(খ) শব্দার্থ লেখো ঃ
‘মনসিজ’ *অথবা* ‘বার্তাকু’

(গ) শূন্যস্থান পূর্ণ করো ঃ
‘তুমি আর উড়ে উড়ে কেঁদো নাকো ________ নদীটির পাশে।’

(ঘ) ‘প্রত্যহের ভার’ কবিতাটির রচয়িতা কে?

(ঙ) মনুষ্যজীবন কীসের অত্যাচারে পরিপূর্ণ?

(চ) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কোনটি?
*(১)* প্র. না. বি
*(২)* ভানুসিংহ
*(৩)* বীরবল
*(৪)* যুবনাশ্ব
*(শুদ্ধ উত্তরটি বেছে নিয়ে লেখো)*

(ছ) সরস্বতীর বরপুত্রও যে নটবিটের দলভুক্ত হয়ে পড়েন, — তার জাজ্বল্যমান প্রমাণ কে?

(জ) বিপিন কীসের কারবার করতেন?

(ঝ) কেষ্টর মেজদিদির নাম কী?

(ঞ) 'মুকুট' নাটকে মহারাজের নাম কী?

(ট) রাজধর যে আরাকান রাজের মুকুট নিয়ে এসেছিল, ইশা খাঁ তাকে কোথায় নিক্ষেপ করেছিলেন?

(ঠ) সাদৃশ্যমূলক অলংকারে দুটি তুলনীয় বস্তুর মধ্যে তুলনার সময় যার সঙ্গে তুলনা করা হয়, তাকে কী বলে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×১২=২৪

(ক) 'বাজাএ সুসর বাঁশী নান্দের নন্দন।'

— বক্তা কে? 'নান্দের নন্দন' কে?

(খ) শূন্যস্থান পূর্ণ করো ঃ

"__________ বিশাল দাঁতে তুষার মাটি খায় খুঁড়ে,

__________ পঙ্গুদলে বিজ্ঞভাবে রয় চেয়ে।"

(গ) 'হিতবাদ'-কে ইংরেজিতে কী বলে? কে এই মতবাদের প্রবর্তক ছিলেন?

(ঘ) 'মানুষ দুই শ্রেণিতে বিভক্ত' — এই দুইটি শ্রেণি কী কী?

(ঙ) কেষ্টর বৈমাত্র বড় বোন কে? তাঁর স্বামীর নাম কী?

(চ) "বল্লমবিদ্ধ প্রকাণ্ড বিষধর ভয়াবহ ফণা তুলিয়া তর্জন-গর্জন করিতেছে।' — বিষধর সাপটিকে কে বল্লমবিদ্ধ করেছে? এর আগে সকালের দিকে সাপটি কাকে দংশন করেছিল?

(ছ) 'স্বামী-স্ত্রীতে চোখাচোখি হইল। স্বামী একটু হাসিলেন, তাহাতে প্রীতি বিকীর্ণ হইল না।" — এখানে 'স্বামী-স্ত্রী' কারা?

(জ) ‘পৈত্রিক বাড়িটা দুই ভায়ে ভাগ করিয়া লইয়াছিল।’ — এই দুই ভাই কে কে?

(ঝ) ‘অকস্মাৎ গৃহস্বামীর আগমনে চোরের দল যেমন ব্যবহার করে, ইহারাও ঠিক সেইরূপ আচরণ করিয়া বসিল।’ — ‘ইহারা’ বলতে কাদের কথা বলা হয়েছে?

(ঞ) ‘মেজবউরানী তামাশা করে আমাকে এখানে বন্ধ করে রেখেছিলেন।’ — বক্তা কে? মেজবউরানী কোথায় তাকে বন্দী করে রেখেছিলেন?

(ট) ‘মুকুট’ নাটকে ত্রিপুরার সঙ্গে কোন রাজার যুদ্ধের কাহিনি আছে? এই যুদ্ধে ত্রিপুরারাজের সেনাপতি কে ছিলেন?

(ঠ) *যে কোনো দুই* প্রকার অনুপ্রাস অলংকারের নাম লেখো।

৩। নীচের প্রশ্নগুলোর উত্তর দাও ঃ ৪×১০=৪০

(ক) “............................ যত দিন যাবে,
প্রজারূপে রাজরূপ সাগরের দিতে
বারিরূপ কর তুমি ; এ মিনতি গাবে
বঙ্গজ জনের কানে, সখে, সখারীতে
নাম তার, .....।’
— কবির নাম লেখো। পঙক্তিগুলোর অন্তর্নিহিত ভাবটি স্পষ্ট করো। ১+৩

*অথবা*

‘আম পারা-পড়া হামবড়া মোরা এখনো বেড়াই ভাত মেরে।’
কোন কবিতা থেকে উদ্ধৃতিটি নেওয়া হয়েছে? কবি কাদের সম্বন্ধে এ-কথা বলেছেন? ‘আম পারা’ কী? ১+২+১

(খ) ‘তাই বলে কি রইব পড়ে বিষুব রেখার অন্তরে,
রুদ্র নিদাঘ জ্বালায় যেথা তপের আগুন মন্তরে?’
— ‘নিদাঘ’ শব্দের অর্থ কী? পঙক্তি দুটির সারার্থ লেখো। ১+৩

*অথবা*

বিপ্রবেশে অর্জুনকে দেখে সভার মধ্যে ক্ষত্রিয়রা যেভাবে উপহাস করছিলেন, তার বিবরণ দাও। ৪

(গ) 'পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সে যে চলে গেছে রূপ নিয়ে দূরে।' —

পঙক্তিটি কোন কবিতা থেকে উদ্ধৃত হয়েছে? এখানে 'সে' বলতে কাকে নির্দেশ করা হয়েছে? পঙক্তিটির নিহিতার্থ কী তা লেখো। ১+১+২

*অথবা*

'যে-বাণী বিহঙ্গে আমি করেছি অভ্যর্থনা
ছন্দের সুন্দর নীড়ে বার-বার, কখনো ব্যর্থ না
হোক তার বেগচ্যুত পঞ্চমুক্ত বায়ুর কম্পন
জীবনের জটিল গ্রন্থিল বৃক্ষে।' — পঙক্তিগুলোর রচয়িতা কে? 'বাণী' এবং 'জীবন'কে এখানে কাদের সঙ্গে কবি অভেদ কল্পনা করেছেন? 'পঞ্চমুক্ত বায়ু' কী? ১+২+১

(ঘ) 'অতএব এই ধর্মনীতির মূল সূত্র অবলম্বন করিলেই ভালবাসার অত্যাচার নিবারণ হইবে।' — বঙ্কিমচন্দ্রের বক্তব্য অনুযায়ী ধর্মনীতির মূল সূত্র কোনটি? তা কিভাবে ভালবাসার অত্যাচার নিবারণ করতে পারে? ২+২

(ঙ) 'আমাদের একমাত্র রক্ষা এই যে, ইঁহাদের সংখ্যা অল্প।' — এখানে কাদের কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য পরিস্ফুট করো। ১+৩

*অথবা*

'পনেরো-আনা' প্রবন্ধ অবলম্বনে পনেরো আনা ও এক আনার পারস্পরিক অবস্থান সম্বন্ধে রবীন্দ্রনাথের বক্তব্য কী তা বুঝিয়ে লেখো। ৪

(চ) 'পৃথিবীতে একমাত্র খেলার ময়দানে ব্রাহ্মণ-শূদ্রের প্রভেদ নেই।' — 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

*অথবা*

'এইসব জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে।' — কোন কোন জিনিসে সাহিত্যের বাজার ছেয়ে গেছে বলে প্রমথ চৌধুরী ভেবেছেন, লেখো। ৪

(ছ) 'দ্রুতবেগে রটিয়া গেল, একজন মস্ত গুণী ওঝা আসিয়াছেন।'

— ওঝাটি কে? তিনি কী করেছিলেন, লেখো। ১+৩

(জ) 'তোমাদের মধ্যে এই যে ব্যক্তিটি সকলের কনিষ্ঠ, এঁকে জাঁহাপনা শাহেন্‌শা বলে না ডাকলে ওঁর আর সম্মান থাকে না।' — বক্তা কে? কার সম্বন্ধে তিনি এই মন্তব্য করেছেন? তাঁর এরকম বলার কারণ কী? ১+১+২

(ঝ) 'ক্ষেত্র হতে যুদ্ধ করে মজুররা, দূরে থেকে যে যুদ্ধ করতে পারে সে-ই যোদ্ধা।' — কে, কাকে একথা বলেছেন? প্রসঙ্গটি উল্লেখ করো। ১+১+২

(ঞ) 'মুহূর্তকালের জন্য হেমাঙ্গিনী হতজ্ঞানের মতো স্তম্ভিত হইয়া রহিল।' — 'মেজদিদি' উপন্যাস অবলম্বনে প্রাসঙ্গিক ঘটনার বিবরণ দাও। ৪

*অথবা*

'পেটে মেরে আগে তোমার নিজের ছেলেকে শাসন কর, তার পরে পরের ছেলেকে করো...।' — বক্তা কে? কাকে তিনি এ-কথা বলেছেন? 'নিজের ছেলে' আর 'পরের ছেলে' কারা লেখো। ১+১+২

৪। (ক) এবং (খ) বিভাগ থেকে নীচের প্রশ্নগুলোর উত্তর দাও ঃ ৬×৪=২৪

**'ক'-বিভাগ**

(ক) 'মেজদিদি' উপন্যাস অবলম্বনে কাদম্বিনী চরিত্রটি বিশ্লেষণ করো। ৬

*অথবা*

মনে পড়িল, এ মেজবৌ সে নয়, যাহাকে চোখ রাঙাইয়া টলান যায়।' — একথা কার মনে পড়েছিল? প্রসঙ্গ উল্লেখ করে ঘটনাটির বিবরণ দাও।

১+৫

(খ) 'মুকুট' নাটকের ইন্দ্রকুমার চরিত্রটি বিশ্লেষণ করো। ৬

*অথবা*

'এর মধ্যে একটা রহস্য আছে।'
— 'মুকুট' নাটকের প্রাসঙ্গিক ঘটনাবলির বিবরণ দিয়ে এই রহস্যটি কী তা বোঝাও।

৬

## 'খ'-বিভাগ

(গ) উদাহরণ সহ ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্য সমূহ উল্লেখ করো। ৫+১

*অথবা*

ছন্দোলিপি প্রস্তুত করো ঃ

'আবার মোরে ডাক দিয়েছে তুষার-মেরু উত্তরে

সে-রব শুনে বিপদ গুণে কেমন করে রই ঘরে।' ৬

(ঘ) ***যে কোনো দুইটি*** অলংকারের সংজ্ঞা লেখো ও ***একটি*** করে উদাহরণ দাও ঃ

(২+১)×২

শ্লেষ ; ছেকানুপ্রাস ; পূর্ণোপমা ; ব্যাজস্তুতি ; সমাসোক্তি।

———×———